


রিও কনভেনশন প্রশিক্ষকদের প্রশিক্ষণের (১ম ব্যাচের) উদ্বোধনী অনুষ্ঠান যৌথভাবে আয়োজন করে
জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি এবং রিও প্রকল্প

যে সমস্ত সরকারি প্রশিক্ষণ প্রতিষ্ঠানসমূহের কর্মকর্তাবৃন্দ প্রশিক্ষকদের প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণ করেছেন:

- বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি (বার্ড), কুমিল্লা
- বাংলাদেশ সিভিল সার্ভিস প্রশাসন একাডেমি
- বিয়াম ফাউন্ডেশন
- বাংলাদেশ লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র
- **Financial Management Academy (FIMA)**
- জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি (নায়েম)
- জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি (এনএপিডি)
- জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি (নাটা)
- জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট (এনআইএলজি)
- পল্লী উন্নয়ন একাডেমি (আরডিএ), বগুড়া

যোগাযোগঃ

জনাব মোঃ জিয়াউল হক
পরিচালক, পরিবেশ অধিদপ্তর ও জাতীয় প্রকল্প পরিচালক, রিও কনভেনশনসমূহ বাস্তবায়নের লক্ষ্যে সক্ষমতা বৃদ্ধি প্রকল্প ।

বাস্তবায়নকারী সংস্থাঃ পরিবেশ অধিদপ্তর, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়

কারিগরি এবং অর্থায়নে সহায়ক সংস্থাঃ গ্লোবাল এনভায়রনমেন্ট ফ্যাসিলিটি (GEF) এবং জাতিসংঘ উন্নয়ন কর্মসূচি (UNDP)

www.rio.doe.gov.bd    facebook /rio.conventions.project    youtube/channel/RioProject

# রিও কনভেনশন সংক্রান্ত প্রশিক্ষকের প্রশিক্ষণ কোর্স



রিও কনভেনশন প্রশিক্ষকদের প্রশিক্ষণের (৩য় ব্যাচ) সার্টিফিকেট বিতরণ অনুষ্ঠান

## কোর্স সম্পর্কে

প্রশিক্ষকের জন্য প্রশিক্ষণ (Training of Trainers ToT) কোর্সটি তিনটি রিও কনভেনশন যথাক্রমে জাতিসংঘ জীববৈচিত্র্য কনভেনশন (UNCBD), জাতিসংঘ জলবায়ু পরিবর্তন ফ্রেমওয়ার্ক কনভেনশন (UNFCCC) এবং জাতিসংঘ মরুকরণ রোধ কনভেনশন (UNCCD)-এর উপর প্রণীত একটি স্বয়ংসম্পূর্ণ কোর্স।

## কোর্সের লক্ষ্য

কোর্সটির মূল লক্ষ্য হচ্ছে ৩টি রিও কনভেনশন এবং এর বাধ্যবাধকতাসমূহ জাতীয় কর্মকান্ডের মূলধারায় অন্তর্ভুক্তি, জাতীয় উন্নয়ন পরিকল্পনা ও বাস্তবায়নে সরকারি কর্মকর্তাদের সক্ষমতা বৃদ্ধি। এই প্রশিক্ষিত সরকারি কর্মকর্তাগণ প্রশিক্ষণ লব্ধ জ্ঞান স্থানীয় পর্যায়ে পৌছিয়ে দিতে সক্ষম হবেন।

## কোর্সের অংশগ্রহণকারী

জাতীয় উন্নয়ন পরিকল্পনা বাস্তবায়ন সংশ্লিষ্ট সকল সরকারী কর্মকর্তাগণের জন্য এই প্রশিক্ষণ কোর্সটি উন্মুক্ত। সরকারি প্রশিক্ষণ প্রতিষ্ঠানসমূহকে এই প্রশিক্ষণ কোর্সটি প্রতিষ্ঠানের নিয়মিত প্রশিক্ষণ কারিকুলামে অন্তর্ভূক্তির জন্য উদ্বুদ্ধ করা হয়েছে।

রিও কনভেনশন সংক্রান্ত প্রশিক্ষকদের জন্য প্রশিক্ষণ কোর্সটি যৌথভাবে পরিবেশ অধিদপ্তর, বাংলাদেশ সিভিল সার্ভিস প্রশাসন একাডেমি এবং জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি কর্তৃক পরিচালিত হচ্ছে। তিনটি রিও কনভেনশনের গুরুত্ব উপলব্ধি করে প্রতিষ্ঠান তিনটি তাদের নিয়মিত প্রশিক্ষণের অতিরিক্ত হিসেবে এই বিশেষ প্রশিক্ষণটির কার্যক্রম চালু করেছে। এই কোর্সটির মাধ্যমে প্রশিক্ষণার্থীবৃন্দ তাদের লব্ধ জ্ঞান জাতীয় পর্যায় থেকে শুরু করে স্থানীয় ও প্রকল্প পর্যায়ে কাজে লাগাতে সক্ষম হবেন। কোর্সটিকে ১৬.৫ ঘন্টার ক্লাস রুম লেকচার দ্বারা সমৃদ্ধ করা হয়েছে। তিনটি রিও কনভেনশন যথাক্রমে জাতিসংঘ জীববৈচিত্র্য কনভেনশন (UNCBD), জাতিসংঘ জলবায়ু পরিবর্তন ফ্রেমওয়ার্ক কনভেনশন (UNFCCC) এবং জাতিসংঘ মরুকরণ রোধ কনভেনশন (UNCCD)-কে প্রশিক্ষণের মডিউল ও বিষয়বস্তুতে অন্তর্ভুক্ত করা হয়েছে। অদ্যাবধি ১০টি মন্ত্রণালয়, ৬টি অধিদপ্তর এবং ১০টি সরকারি প্রশিক্ষণ প্রতিষ্ঠানের ১১০ জন কর্মকর্তা এই প্রশিক্ষণ গ্রহণ করেছেন। প্রশিক্ষণে অংশগ্রহণকারীরা হচ্ছে মধ্যম পর্যায়ের সরকারি কর্মকর্তা এবং এদের মধ্যে ৪৩% হচ্ছে নারী কর্মকর্তা। সাফল্যজনকভাবে প্রশিক্ষণ সমাপনান্তে প্রত্যেক প্রশিক্ষণার্থীকে সনদ প্রদান করা হয়েছে।



রিও কনভেনশন প্রশিক্ষকদের প্রশিক্ষণের (৬ষ্ঠ ব্যাচের) উদ্বোধনী অনুষ্ঠান যৌথভাবে আয়োজন করে বাংলাদেশ সিভিল সার্ভিস প্রশাসন একাডেমি এবং রিও প্রকল্প

# প্রশিক্ষকের জন্য প্রশিক্ষণ (ToT) কোর্সে কারিগরী অধিবেশনসমূহ

## মডিউল ১

### বহু-পক্ষীয় পরিবেশগত চুক্তি (এমইএ) এবং রিও কনভেনশনগুলির ভূমিকা

বিষয় ১.১: বহুপাক্ষিক পরিবেশগত চুক্তিসমূহ (MEAs)
বিষয় ১.২: জাতিসংঘ পরিবেশ ও উন্নয়ন সংক্রান্ত সম্মেলন, (UNCED), ১৯৯২
বিষয় ১.৩: কনভেনশনের আওতায় সংবিধিবদ্ধ বিভিন্ন প্রতিষ্ঠান
বিষয় ১.৪: বহুপাক্ষিক পরিবেশগত চুক্তি ও রিও কনভেনশনের আওতায় অর্থায়ন প্রক্রিয়া

## মডিউল ২

### জাতিসংঘ জীববৈচিত্র্য কনভেনশন (UNCBD)

বিষয় ২.১: জীববৈচিত্র্য বিষয়ক জাতিসংঘ কনভেনশন (UNCBD)
বিষয় ২.২: জীববৈচিত্র্য বিষয়ক জাতিসংঘ কনভেনশনের আওতায় সংশ্লিষ্ট প্রটোকলসমূহ
বিষয় ২.৩: জীববৈচিত্র্য কনভেনশন সংশ্লিষ্ট চুক্তিসমূহ এবং এদের পারস্পারিক সম্পর্ক
বিষয় ২.৪: জীববৈচিত্র্য সংক্রান্ত কার্যাবলী বাস্তবায়নের ফ্রেমওয়ার্ক
বিষয় ২.৫: জীববৈচিত্র্য বিষয়ক জাতিসংঘ কনভেনশন, জাতীয় টেকসই উন্নয়ন নীতিমালা জাতীয় জীববৈচিত্র্য কৌশল ও কর্মপরিকল্পনা এবং টেকসই উন্নয়ন অভীষ্টের মধ্যে পারস্পারিক সম্পর্ক
বিষয় ২.৬: কনভেনশন সংশ্লিষ্ট জাতীয় নীতিমালা, আইনগত ও কৌশলগত বিষয়াবলী
বিষয় ২.৭: জীববৈচিত্র্য বিষয়ক জাতিসংঘ কনভেনশন বাস্তবায়নে বাংলাদেশের অগ্রগতি ও বাধ্যবাধকতা
বিষয় ২.৮: জাতিসংঘ জীববৈচিত্র্য কনভেনশন: বাংলাদেশের গুরুত্বপূর্ণ চর্চাসমূহ

## মডিউল ৩

### জাতিসংঘ জলবায়ু পরিবর্তন ফ্রেমওয়ার্ক কনভেনশন (UNFCCC)

বিষয় ৩.১: জলবায়ু পরিবর্তন
বিষয় ৩.২: জাতিসংঘ জলবায়ু পরিবর্তন ফ্রেমওয়ার্ক কনভেনশন
বিষয় ৩.৩: বাংলাদেশে জলবায়ু পরিবর্তনের প্রভাব: প্রধান প্রধান খাত এবং ঝুঁকিসমূহ
বিষয় ৩.৪: জলবায়ু পরিবর্তন এর প্রভাব মোকাবেলায় বাংলাদেশের উদ্যোগসমূহ
বিষয় ৩.৫: জাতিসংঘ জলবায়ু পরিবর্তন ফ্রেমওয়ার্ক কনভেনশন (UNFCCC) বাস্তবায়ন এবং প্রণীত জাতীয় প্রতিবেদনসমূহ
বিষয় ৩.৬: জলবায়ু পরিবর্তন মোকাবেলা: বাংলাদেশের গুরুত্বপূর্ণ চর্চাসমূহ

## মডিউল ৪

### জাতিসংঘ মরুকরণ রোধ কনভেনশন (UNCCD)

বিষয় ৪.১: মরুময়তা, ভূমিক্ষয় ও খরা
বিষয় ৪.২: ভূমিকা জাতিসংঘ মরুকরণ রোধ কনভেনশন (UNCCD)
বিষয় ৪.৩: CoP-এর সিদ্ধান্তসমূহ, বাধ্যবাধকতা, কৌশলগত ফ্রেমওয়ার্ক এবং বাস্তবায়ন
বিষয় ৪.৪: জাতিসংঘ জীববৈচিত্র্য কনভেনশন (UNCBD), জাতিসংঘ জলবায়ু পরিবর্তন ফ্রেমওয়ার্ক কনভেনশন (UNFCCC) এবং টেকসই উন্নয়ন অভীষ্ট (SDG) এর সাথে UNCCD বা মরুকরণ রোধ সংক্রান্ত জাতিসংঘ কনভেনশনের সম্পর্ক
বিষয় ৪.৫: বাংলাদেশে ভূমি অবক্ষয়ের সার্বিক চিত্র
বিষয় ৪.৬: ভূমি অবক্ষয় রোধে বাংলাদেশের উদ্যোগসমূহ
বিষয় ৪.৭: ভূমি অবক্ষয় রোধে বাংলাদেশের গুরুত্বপূর্ণ চর্চাসমূহ